# 38927 - রোজার রুকনগুলো কি কি?

প্রশ্ন

রোজার রুকনগুলো কি কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য। সকল ফিকাহবিশারদ এ ব্যাপারে একমত যে,সুবহে সাদেক হতে সূর্যাস্ত পর্যন্ত রোজাভঙ্গকারী বিষয়সমূহ(মুফাত্তিরাত) থেকে বিরত থাকা রোজারঅন্যতম একটি রুকন। তবে নিয়্যতের ব্যাপারে তারা মতানৈক্য করেছেন। হানাফি ও হাম্বলি মাযহাবের আলেমগণেরমতে, নিয়্যত হচ্ছে-রোজা শুদ্ধ হওয়ার জন্য শর্ত। অপরদিকে মালেকী ও শাফেয়ী মাযহাবেরআলেমগণের মতে, নিয়্যত রোজার রুকন। মুফাত্তিরাত থেকে বিরত থাকা এর সাথে “নিয়্যতের সাথে” কথাটি যোগ করতে হবে। নিয়্যতকে রুকন ধরা হোক অথবা শর্ত ধরা হোক অন্য ইবাদতের মত রোজাও নিয়্যত ছাড়া শুদ্ধ হবে না। অর্থাৎ নিয়্যতের সাথে মুফাত্তিরাত থেকে বিরত থাকতে হবে। [আল-বাহরুর-রায়েক (২/২৭৬), মাওয়াহিবুল-জালীল (২/৩৭৮), নিহাইয়াতুল-মুহতাজ (৩/১৪৯), নাইলুল-মা’আরিব শারহ দলীলুত-ত্বালীব (১/২৭৪)] আল্লাহই সবচেয়ে ভাল জানেন।